

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০১৫

নং ৪৬.০৬৪.০৩২.০৭.০৭.০৫৩.২০১১/১৫২২—যেহেতু আপনি শ্রী কালাচান পাল নির্বাচিত হয়ে সরিষাবাড়ী পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর পদে দায়িত্ব পালন করছেন;

এবং যেহেতু, তথ্য গোপন করে সরিষাবাড়ী পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর পদে নির্বাচনে অংশগ্রহণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

এবং যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে গত ৯-১২-২০১৪ খ্রিঃ তারিখে পৌর-২/৪৬.০৬৪.০৩২.০৭.০৭.০৫৩.২০১১/১৪০২ নং স্মারকে আপনাকে কাউন্সিলরের পদ হতে অপসারণ করা হয়;

এবং যেহেতু, অপসারণের আদেশের বিরুদ্ধে আপনার আপীল আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শুনানী অনুষ্ঠিত হয়;

এবং যেহেতু, আপনি ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার জন্য শিমলা দৈনিক বাজার লীজ গ্রহণ করেন নাই;

এবং যেহেতু, সরিষাবাড়ী স্পোর্টস এসোসিয়েশনের নামে ইজারা গ্রহণ করেন;

( ৮১৯১ )

মূল্য : টাকা ৪.০০

এবং যেহেতু, শিমলা বাজার দৈনিক ইজারা গ্রহণের জন্য স্বীয় নাম ব্যবহার করেন এবং লভ্যাংশের অংশীদার নয়;

এবং যেহেতু শুনানীতে উপস্থিত বক্তব্য এবং যুক্তিসমূহ যৌক্তিক মর্মে প্রতীয়মান হয়েছে;

এবং যেহেতু সরকার শ্রী কালাচান পাল, কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, সরিষাবাড়ী, জামালপুর-কে অপসারণের আদেশ প্রত্যাহারের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, জামালপুর জেলার সরিষাবাড়ী পৌরসভার ৪নং ওয়ার্ড কাউন্সিলর শ্রী কালাচান পাল-কে সরিষাবাড়ী পৌরসভার কাউন্সিলর পদ হতে অপসারণ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৯-১২-২০১৪ খ্রিঃ তারিখে পৌর-২/৪৬.০৬৪.০৩২.০৭.০৭.০৫৩.২০১১/১৪০২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আনিচুজ্জামান  
সহকারী সচিব।